



# সকল সরকারি এবং বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রি-সি রেটিং প্রশিক্ষণ কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি



## সমুদ্রগামী জাহাজে রেটিং হিসাবে যোগদানের জন্য প্রশিক্ষণ গ্রহণ করুন।

নিম্নবর্ণিত মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ২০২৪ (শীতকালীন) প্রি-সি নাবিক (রেটিং) কোর্সে ভর্তির জন্য অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

- ১। ন্যাশনাল মেরিটাইম ইনসিটিউট, চট্টগ্রাম। আসন সংখ্যাঃ ডেক-৫০, ইঞ্জিন -৫০, স্টুয়ার্ট -২৫, কুক-২৫, ফিটার-কাম-ওয়েল্ডার-৩০, ইলেক্ট্রিশিয়ান-২০ = ২০০ জন।
- ২। ন্যাশনাল মেরিটাইম ইনসিটিউট, মাদারীপুর। আসন সংখ্যাঃ ডেক-৩০, ইঞ্জিন -২৫, স্টুয়ার্ট -১০, কুক-১০, ফিটার-কাম-ওয়েল্ডার-১৫, ইলেক্ট্রিশিয়ান-১০ = ১০০ জন।
- ৩। মাস মেরিন একাডেমি, চট্টগ্রাম। আসন সংখ্যাঃ ডেক-৪০, ইঞ্জিন -২৪, স্টুয়ার্ট -০৬ = ৭০ জন।
- ৪। ইন্টারন্যাশনাল মেরিটাইম ট্রেনিং একাডেমি, ঢাকা। আসন সংখ্যাঃ ডেক-৪০, ইঞ্জিন -০৫, স্টুয়ার্ট -১০, কুক-০৫, ফিটার-কাম-ওয়েল্ডার-১০ = ৭০ জন।
- ৫। ওশেন মেরিটাইম একাডেমি, চট্টগ্রাম। আসন সংখ্যাঃ ডেক-৩০, ইঞ্জিন -১০, স্টুয়ার্ট -১০, কুক-১০, ফিটার-কাম-ওয়েল্ডার-১০ = ৭০ জন।
- ৬। ওয়ার্ল্ড মেরিটাইম ইনসিটিউট, নারায়ণগঞ্জ। আসন সংখ্যাঃ ডেক-৩০, ইঞ্জিন -১৮, কুক-১২ = ৬০ জন।

বিঃদ্রঃ প্রয়োজনীয়তা বিবেচনা করে সরকার আসন সংখ্যা কম/বেশি করতে পারে।।

### আবেদনের যোগ্যতাঃ

(ক) বয়সঃ ০১-০৯-২০২৪ ইং তারিখে সাধারণ প্রার্থীদের বয়সসীমা ১৬ থেকে ২৫ বছর, ডিপ্লোমাধারী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ২০ থেকে ৩৫ বছর এবং নৌবাহিনীর প্রার্থীদের ক্ষেত্রে ২৫ হতে ৪৫ বছর। প্রার্থীর এসএসসি/সমমান সনদে রেকর্ডকৃত বয়স বিবেচনা করা হবে। বয়স সম্পর্কিত অন্য কোন সনদ কিংবা হলফনামা গ্রহণ করা হবে না।

(খ) আবেদনকারীদের শিক্ষাগত যোগ্যতা(যে কোন একটি গ্রুপে আবেদন করতে পারবে):  
 ডেক ও ইঞ্জিন নাবিক (গ্রুপ-১): ন্যূনতম এসএসসি, জিপিএ সর্বনিম ২.৫ অথবা সমমানের।  
 স্টুয়ার্ট ও কুক নাবিক ( গ্রুপ-২): ন্যূনতম এসএসসি, জিপিএ সর্বনিম ২.৫ অথবা সমমানের।  
 ইলেক্ট্রিশিয়ান নাবিক ( গ্রুপ-৩) সরকার অনুমোদিত কোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা অথবা ন্যূনতম এসএসসি/ সমমান পরিক্ষায় উত্তীর্ণসহ ২ (দুই) বছরের ট্রেড কোর্স অথবা উক্ত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশ নৌবাহিনীর ইলিক্ট্রিক্যাল ওয়ার্কশপে ৬ (ছয়) মাসের প্রশিক্ষণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন।

আবেদন করতে ভিজিট করুনঃ [www.dos.gov.bd](http://www.dos.gov.bd)

**ফিটার-কাম-ওয়েল্ডার নাবিক (গ্রুপ-৪):** সরকার অনুমোদিত কোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে মেরিন/মেকানিক্যাল/ পাওয়ার/অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং / শিপ বিল্ডিং এ ডিপ্লোমা পাশ অথবা ন্যূনতম এসএসসি/সমমান পরিক্ষায় উত্তীর্ণসহ ২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স পাশ অথবা ন্যূনতম এসএসসি / সমমানসহ বিটাক বা সমমানের প্রতিষ্ঠান থেকে ওয়েল্ডিং অথবা মেশিন শপে ৩ মাসের প্রশিক্ষণ।  
 উচ্চতাৎ ন্যূনতম ৫'-২"

ওজনঃ বিশ্ব স্বাস্থ্য সংস্থার BMI চার্ট মোতাবেক BMI ন্যূনতম ১৭ এবং সর্বোচ্চ ২৭।  
 যেমন ৫'-২" এর ক্ষেত্রে ৪২-৬৭ কেজি।

দৃষ্টিশক্তিঃ ডেক রেটিংদের জন্য দুই চোখ ৬/৬ এবং অন্যান্য রেটিংদের জন্য দুই চোখ কমপক্ষে ৬/১২ এবং সকল নাবিককে বর্ণন্তামূলক (কালার ব্রাইঙ্কেনেস) হতে হবে।।

### চূড়ান্ত নির্বাচন পদ্ধতির ধাপসমূহঃ

(ক) এস.এস.সি/ সমমানের পরিক্ষায় প্রাপ্ত জিপিএ এবং ভর্তি পরিক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের মূল্যায়ণ করা হয়।

এস.এস.সি/সমমান পরিক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২০ গুণ = ১০০ নম্বর (সর্বোচ্চ)

ভর্তি পরিক্ষার = ১০০ নম্বর

মোট নম্বর = ২০০ নম্বর

ভর্তি পরিক্ষার পদ্ধতিঃ নৈর্ব্যক্তিক (MCQ) পদ্ধতিতে মোট ১০০টি প্রশ্ন থাকবে।

প্রশ্নগুলোর বিষয় ভিত্তিক নম্বর বিভাজন নিম্নরূপ:-

গণিত-৩০, ইংরেজি -৩৫, বাংলাদেশ ও সাধারণ জ্ঞান -৩৫

(খ) ভর্তি পরিক্ষায় পাশ নম্বর ৪০%

(গ) পরিক্ষার সময়, ৯০ মিনিট

### প্রশিক্ষণঃ

চূড়ান্তভাবে মনোনীত নাবিকগণ বিভিন্ন সরকারি ও বেসরকারি মেরিটাইম প্রতিষ্ঠানে প্রশিক্ষণ শেষে সনদপ্রাপ্ত হবেন।

### অনলাইনে আবেদন পদ্ধতিঃ

নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইট ([dos.gov.bd](http://www.dos.gov.bd)) এর মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আবেদন করতে কোন সমস্যা হলে [dosrating.solutionart.net](http://dosrating.solutionart.net) এর মাধ্যমেও আবেদন করা যাবে। আবেদনের নির্দেশকা বর্ণিত ওয়েবসাইটে প্রদান করা হয়েছে।

আবেদন ফি ৩৬০/- ( সকল সার্ভিস চার্জসহ)

প্রয়োজনে যোগাযোগঃ ০১৮১০০১১৯০, ০১৮১৫৩০৫৯৭।

### আবেদন ও লিখিত পরীক্ষার তারিখ /সময়/কেন্দ্রঃ

লিখিত পরীক্ষার তারিখ /সময় /কেন্দ্র প্রবর্তীতে মোবাইলে এসএমএস /ওয়েবসাইট এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

### আবেদনের তারিখঃ

আবেদনের শুরু তারিখঃ ০৪-০৯-২০২৪ ইং

আবেদনের শেষ তারিখঃ ৩০-০৯-২০২৪ ইং

০৭-১০-২০২৪ ইং তারিখ হতে অনলাইনে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

### বিশেষ নির্দেশনাঃ

সরকারি মেরিটাইম ইনসিটিউট হতে পাশ্চাত সকল নাবিকদের চাকরির বিষয়ে স্ব ইনসিটিউট সকল ধরনের সহযোগিতা প্রদান করবে। বেসরকারি মেরিটাইম ইনসিটিউট কর্তৃপক্ষ নাবিকদের জাহাজে চাকরি দিতে বাধ্য থাকবে। সরকারি ও বেসরকারি মেরিটাইম ইনসিটিউট নাবিক (রেটিং) ভর্তির ক্ষেত্রে তাদের নিজস্ব নিয়মাবলি অনুসরণ করবে এবং তাদের প্রশিক্ষণ খরচে ভিন্নতা রয়েছে।

### সতর্কতাবাণীঃ

!!! কোন বাতি ভর্তির নিশ্চয়তা দিয়ে আপনার নিকট অর্থ দাবী করলে নিশ্চিত জেনে রাখুন যে আপনি প্রতারিত হচ্ছেন। যে কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে!!!

